



# জনসংযোগ অফিস

## বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

## প্রেস রিলিজ

তারিখঃ ২৫ নভেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ  
১১ অগ্রহায়ণ ১৪২৪ বঙ্গাব্দ

### বরিশাল বিশ্ববিদ্যালয়ের ২০১৭-১৮ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) ১ম বর্ষের ‘ক’ ইউনিটের ভর্তি পরীক্ষা সম্পন্ন

বরিশাল বিশ্ববিদ্যালয়ের ২০১৭-১৮ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) ১ম বর্ষের ‘ক’ ইউনিটের ভর্তি পরীক্ষা সুষ্ঠু, সুশৃঙ্খল ও শান্তিপূর্ণ পরিবেশে সম্পন্ন হয়েছে। বরিশাল বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসসহ নগরীর ৬টি কেন্দ্রে সকাল ১১ টা থেকে শুরু হয়ে দুপুর ১২.৩০ মিনিট পর্যন্ত ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। ২০১৭-১৮ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষায় ‘ক’ ইউনিটে শিক্ষার্থীদের অংশগ্রহণের হার ৭১.৮৫%। পরীক্ষা চলাকালীন সময়ে বরিশাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. এ. কে এম মাহবুব হাসান, সিভিকেট সদস্য সুপ্রিম কোর্টের সিনিয়র আইনজীবী প্রাক্তন অতিরিক্ত এটর্নি জেনারেল এম কে রহমান, জীববিজ্ঞান অনুষদের ডিন ড. মো. হাসিনুর রহমান, রেজিস্ট্রার মো: মনিরুল ইসলাম, পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর ফজলুল হককে সাথে নিয়ে বরিশাল নগরীর সরকারি বরিশাল মডেল স্কুল এন্ড কলেজ, সরকারি আলেকান্দা কলেজ, সরকারি বরিশাল কলেজ, সরকারি বরিশাল মহিলা কলেজ, অমৃত লাল দে মহাবিদ্যালয় ও বেগম তফাজ্জল হোসেন মানিক মিয়া কলেজ কেন্দ্র পরিদর্শন করেন। কেন্দ্র পরিদর্শন শেষে পরিদর্শকগণ ভর্তি পরীক্ষার সার্বিক ব্যবস্থাপনায় সন্তোষ প্রকাশ করেন। ২০১৭-১৮ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) ১ম বর্ষের ‘ক’, ‘খ’ ও ‘গ’ ইউনিটের ভর্তি পরীক্ষা সুষ্ঠু, সুশৃঙ্খল ও শান্তিপূর্ণ পরিবেশে সম্পন্ন হওয়ায় উপাচার্য মহোদয় বরিশালবাসী, রাজনৈতিক নেতৃবৃন্দ, মুক্তিযোদ্ধা, সুশীল সমাজ, বিভাগীয় প্রশাসন, জেলা প্রশাসন, পুলিশ প্রশাসন, বিভিন্ন সংস্থার প্রতিনিধি, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের কর্তৃপক্ষ, বিভিন্ন গণমাধ্যম, সাংবাদিক, পরীক্ষার্থী, অভিভাবক এবং বরিশাল বিশ্ববিদ্যালয়ের সকল সম্মানিত শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীদের ধন্যবাদ জ্ঞাপন করেন। একইসঙ্গে চলতি ২০১৭-১৮ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষা শুরুর পূর্ব হতে আরম্ভ করে অদ্য “ক” ইউনিটের ভর্তি পরীক্ষা শেষ হওয়ার পূর্ব মুহূর্ত পর্যন্ত বরিশাল বিশ্ববিদ্যালয়ের চলমান সুনাম ও মর্যাদা স্ফূর্ত করার চক্রান্তে লিপ্ত একটি গোষ্ঠীকে সরকারের আইন প্রয়োগকারী সংস্থাসহ অন্যান্য সংস্থা ঘোষতার করায় তাদেরকে আন্তরিক অভিনন্দন জানিয়েছেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রফি

উপ-পরিচালক (চলতি দায়িত্ব)

জনসংযোগ অফিস